

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

প্রচার পত্র নং- ৫৬/২০২১

সম্মানিত সদস্যগণের প্রতি,

তারিখঃ ১৭/১০/২০২১খ্রিঃ

আদেশক্রমে এসোসিয়েশনের প্রচারপত্র নং- ৭৭/০৪ তারিখ ১৪/০৭/০৪ ইং সম্মানিত সদস্যদের সদয় অবগতি ও যথাযথভাবে অনুসরণের জন্য নিম্নে পুনরায় প্রচার করা হল।

মোঃ মিজানুর রহমান  
সচিব

কোন আমদানী/রপ্তানীকারক তাদের কাজে নিয়োজিত সি এন্ড এফ এজেন্ট পরিবর্তন করে নুতন সি এন্ড এফ এজেন্ট নিযুক্ত করতে চাইলে বর্তমানে কর্মরত সি এন্ড এফ এজেন্টের নিকট হতে কোন বকেয়া বিল পাওনা নেই মর্মে অনাপত্তি পত্র (NOC) সংগ্রহ পূর্বক নবনিযুক্ত সি এন্ড এফ এজেন্টকে প্রদানের বাধ্যবাধকতা প্রসঙ্গে।

সম্মানিত সদস্য সি এন্ড এফ এজেন্টদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সি এন্ড এফ এজেন্টদের প্রাপ্য বকেয়া বিল কিছু কিছু আমদানী/রপ্তানীকারকগণ কর্তৃক সুদীর্ঘ সময় ধরে প্রদান না করে অন্য সি এন্ড এফ এজেন্ট নিযুক্তির মাধ্যমে কাজ করানোর প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। এ অবাঞ্ছিত প্রবণতা রোধ করার লক্ষ্যে যাতে এক সি এন্ড এফ এজেন্টের বিলের টাকা বাকী রেখে তারা অন্য সি এন্ড এফ এজেন্টের মাধ্যমে মালামাল খালাস করতে না পারে তার জন্য এসোসিয়েশন হতে প্রচার পত্র নং ৭৫/২০০২ তারিখ ৩১/০৭/০২ ইং জারী করা হয়। উক্ত প্রচার পত্রে আমদানী/রপ্তানীকারক কর্তৃক সি এন্ড এফ এজেন্টকে তার ন্যায্য পাওনা হতে বঞ্চিত করার প্রবণতা রোধ করা এবং উভয় পক্ষের মধ্যে সুসম্পর্ক অক্ষুন্ন রাখার লক্ষ্যে উপরোক্ত অনাপত্তি পত্র সংগ্রহ করার প্রক্রিয়া চালু করা হয়, কিন্তু দেখা যাচ্ছে যে উক্ত প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না, যার দরুন মূলতঃ সি এন্ড এফ এজেন্টগণই ক্ষতির শিকার হচ্ছে, যা কাম্য নয়।

উক্ত অনাপত্তি পত্র আমদানী/রপ্তানীকারক হতে সংগ্রহ না করে এবং তাদের পূর্বতন সি এন্ড এফ এজেন্ট হতে এর সত্যতা যাচাই ব্যতিরেকে সংশ্লিষ্ট আমদানী/রপ্তানীকারকের কোন কাজ কোন অবস্থাতেই গ্রহণ না করার জন্য নতুনভাবে কাজের জন্য অফারপ্রাপ্ত সি এন্ড এফ এজেন্টগণকে আবারো জোরালোভাবে অনুরোধ জানানো যাচ্ছে। এ নির্দেশ অগ্রাহ্য করে কোন সি এন্ড এফ এজেন্ট এ জাতীয় কার্য সম্পাদনে অগ্রসর হলে, যদি কোন জটিলতার উদ্ভব হয়, তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্ট ও আমদানী/রপ্তানীকারককেই বহন করতে হবে।

প্রসংগত আরো উল্লেখ্য, বর্তমানে কর্মরত সি এন্ড এফ এজেন্টের সাথে সংশ্লিষ্ট আমদানী/রপ্তানীকারকের বকেয়া পাওনাদিসহ যাবতীয় ব্যাপারে মত বিরোধ দেখা দিলে তা নুতন সি এন্ড এফ এজেন্ট নিযুক্তির ইচ্ছা ব্যক্ত করে কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে লিখিতভাবে অত্র এসোসিয়েশনের গোচরীভূত করে এসোসিয়েশনের সালিশী উপ-কমিটির মাধ্যমে নিষ্পত্তি করে নিতে হবে। নিষ্পত্তিতে ১৫ (পনের) দিনের অতিরিক্ত সময়ের প্রয়োজন হলে এসোসিয়েশন আমদানী/রপ্তানীকারকের স্বার্থের দিকে লক্ষ্য রেখে প্রয়োজনে সাময়িকভাবে নতুন সি এন্ড এফ এজেন্ট নিয়োগ বৈধ বলে লিখিতভাবে বিবেচনা করতে পারবেন। তবে সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্ট এবং আমদানী/রপ্তানীকারককে যথাযথ মানে স্টাম্প যৌথভাবে অঙ্গীকারনামা প্রদান করতে হবে যে, বকেয়া পাওনাদিসহ সংশ্লিষ্ট যাবতীয় ব্যাপারে এসোসিয়েশনের সংশ্লিষ্ট সালিশী উপ-কমিটি উভয় পক্ষের বক্তব্যের আলোকে যে সিদ্ধান্ত প্রদান করবে, তা উভয় পক্ষ মেনে নিয়ে পরবর্তী ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে নিজেদের স্বার্থ কার্যকর করতে আইনতঃ বাধ্য থাকবে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক